ISSN 0976-9463

# তবু একলব্য

২৭ বর্ষ • ১ সংখ্যা
ক্রমিক ৫০

# TABU EKALAVYA

An International Peer-reviewed & Refereed Research Journal
কলা ও মানববিদ্যা বিষয়ক গবেষণাধর্মী রেফার্ড
ও
পিয়ার-রিভিউড ত্রৈমাসিক পত্রিকা

## শাঁওলী মিত্র : স্মরণে মননে

জন্ম : ৫ এপ্রিল,১৯৪৮
মৃত্যু : ১৬ জানুয়ারি,২০২২

দি গৌরী কালচারাল এন্ড এডুকেশনাল অ্যাসোসিয়েশন
সমাজ-সংস্কৃতি-সাহিত্য চর্চা গবেষণাকেন্দ্র
নিবেদিতা পার্ক, কলকতা-১২৭

(50)

# TABU EKALAVYA

An International Peer-reviewed & Refereed Research Journal
Volume 27, Issue 1
Number 50
Published February 2022
ISSN : 0976-9463
ISBN : 978-93-92110-92-4

## TABU EKALAVYA

Chief Advisor : Swami Shastrajnananda
Selina Hossin
Ramkumar Mukhopadhyay
Soma Bandyopadhyay
Sadhan Chattopadhyay
President : Biplab Majee
Vice-President : Tapan Mondal
Executive Editor : Sushil Saha
Editor : Debarati Mallik
Working Editor : Tapas Pal
Editor-in-Chief : Dipankar Mallik
e-mail : tabuekalavya@gmail.com
Website : www.tabuekalavya.in
facebook : তবু একলব্য গবেষণা পত্রিকা
group : তবু একলব্য গবেষণা পত্রিকা

প্রাপ্তিস্থান : দে'জ, দিয়া, দে বুক স্টোর (দীপু), পাতিরাম, ধ্যানবিন্দু, পাতাবাহার

সুলভ সংস্করণ মূল্য : ৪০০ টাকা

ISSN : 0976-9463

তবু একলব্য

TABU EKALAVYA

An International Peer-reviewed & Refereed Research Journal

সভাপতি
বিপ্লব মাজী

সহ-সভাপতি
তপন মণ্ডল

মুখ্য উপদেষ্টা
স্বামী শাস্ত্রজ্ঞানন্দ
সেলিনা হোসেন
রামকুমার মুখোপাধ্যায়
সোমা বন্দ্যোপাধ্যায়
সাধন চট্টোপাধ্যায়

কার্যনির্বাহী সম্পাদক
সুশীল সাহা

যুগ্ম সম্পাদক
তাপস পাল

সম্পাদক
দেবারতি মল্লিক

মুখ্য সম্পাদক
দীপঙ্কর মল্লিক

কার্যকরী কমিটির সম্পাদক
মধুসূদন সাহা ও সোমালি চক্রবর্তী

আহ্বায়ক
বিদিশা সিন্‌হা, অঙ্কিতা মুখার্জী, রামকৃষ্ণ মণ্ডল

উপদেষ্টামণ্ডলী

পবিত্র সরকার, সমীর রক্ষিত, শ্রীনলিনী বেরা, অমর মিত্র, জয়া মিত্র, বাসব চৌধুরী, তপোধীর ভট্টাচার্য, রবীন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়, ব্রততী চক্রবর্তী, বারিদ বরণ ঘোষ, সত্যবতী গিরি, শ্রুতিনাথ চক্রবর্তী, অপূর্ব বন্দ্যোপাধ্যায়, সুমিতা চক্রবর্তী, বিশ্বজিৎ ঘোষ, শহীদ ইকবাল, দীপক রায়, উদয়চাঁদ দাশ, সুখেন বিশ্বাস, শুভময় মণ্ডল।

সম্পাদকমণ্ডলী

সোনালি মুখার্জি, সনৎকুমার নস্কর, মুনমুন গঙ্গোপাধ্যায়, মার রেজাউল করিম, হোসনে আরা জলি, বরেন্দু মণ্ডল, অর্জুন সেনশর্মা, শামস্ আলদীন, শ্যামশ্রী বিশ্বাস সেনগুপ্ত, সোমা ভদ্র রায়, স্বাগতা দাস মোহান্ত, আশিস রায়, মণিশঙ্কর মণ্ডল, বরুণজ্যোতি চৌধুরী, শ্যামাচরণ মণ্ডল, রাধেশ্যাম সাহা, সুব্রত ঘোষ, শকুন্তলা দাস, বিদিশা সিন্‌হা, সুবীর সেন, অনিমেষ গোলদার, হৃষিতা গুপ্তবক্সী, প্রিয়ব্রত ঘোষাল, শুভঙ্কর রায়, অর্ণব সাধুখাঁ, প্রসেনজিৎ বিশ্বাস।

বিষয় বিশেষজ্ঞ অধ্যাপকমণ্ডলী

গোপা দত্ত ভৌমিক, অপর্ণা রায়, বেলা দাস, রমেন কুমার সর, অরিন্দম চট্টোপাধ্যায়, অতনু শাশমল, শেখর সমাদ্দার, জ্যোৎস্না চট্টোপাধ্যায়, বিশ্বতোষ চৌধুরী, সৌরেন বন্দ্যোপাধ্যায়, বিশ্বজিৎ রায়, সুমনা দাস শূর, নন্দিনী ব্যানার্জী, সুজিতকুমার পাল।

এ এক নাট্যতর্পণ/দেবাশিস রায়চৌধুরী
২৫
শাঁওলী মিত্র ও তাঁর থিয়েটার ভাবনা/অনিরুদ্ধ বিশ্বাস
৩২
শাঁওলী মিত্র : যে জন ছিলেন একমনে/অংশুমান ভৌমিক
৩৯
শাঁওলী মিত্র : এক নাট্য-পরম্পরার সার্থক বাহক/মলয় ঘোষ
৪৬
বাংলা নাটকের বঙ্গবালা : শাঁওলী মিত্র/চণ্ডী মুখোপাধ্যায়
৫৩
শাঁওলী মিত্র : নাটকের বর্ণিক ও বর্ণিকার স্বর/সুফল বিশ্বাস
৫৮
জাপানি কাবুকি থেকে বাঙালি শাঁওলী/উজ্জ্বল চক্রবর্তী
৬৪
শাঁওলী মিত্র : হয়ে ওঠা এক শিল্পী/সুব্রত পুরকাইত
৬৬

লেখক সত্তার মূল্যায়ন ৭২-২৪৪

শাঁওলী মিত্রের বহুতর চর্চা/প্রভাত কুমার দাস
৭২
'নাথবতী অনাথবৎ' নিয়ে/সৌমিত্র বসু
৭৭
'নাথবতী অনাথবৎ' : দ্রৌপদীর পুনর্জন্ম/সনৎকুমার নস্কর
৮৩
শাঁওলী মিত্র ও বাংলা থিয়েটার/ড. অরুণ কুমার সাঁফুই
১০০
শাঁওলী মিত্রের নাটকে মহাভারতের দুই ট্র্যাজিক নায়িকা : সত্যবতী ও দ্রৌপদী/ মৌমিতা বিশ্বাস
১১৭
শাঁওলী মিত্র ও কয়েকটি গ্রন্থের সম্পর্কসূত্র/ সুরঞ্জন প্রামাণিক
১২৫
শাঁওলী মিত্রের দুটি নাটক : ব্যক্তিগত পাঠ-প্রতিক্রিয়া/সত্যজিৎ বন্দ্যোপাধ্যায়
১৩১
শাঁওলী মিত্রের রবীন্দ্রনাথ : অনুভবের বৃন্ত থেকে/মো. আসাদুল্লাহিল গালিব
১৩৭
কেন? কেন? কেন?/সনাতন কৈবল্য
১৪৯
'অ-লেখক'-এর গদ্যের কলম : শাঁওলী মিত্র ও তাঁর চিন্তাচর্যা/দিব্যতনু দাশগুপ্ত
১৬৪
ফেমিনিজম : মহাভারতের আধারে—শাঁওলী মিত্রের 'নাথবতী অনাথবৎ' ও 'কথা অমৃতসমান'/অজয় কুমার দাস
১৭১
প্রেম-অপ্রেম : জীবনের দর্পণে প্রতিবিম্বিত সত্য/সুজাতা ব্যানার্জী
১৮৭
'নাথবতী অনাথবৎ' : নির্মাণ ও বিনির্মাণে এক নতুনতর দ্রৌপদীর কথা/সুবীর কুমার সেন
১৯৫
শাঁওলী মিত্রে'র গল্পে নারীর বয়ানে নারীর সত্তা/রূপম প্রামাণিক
২০৫
'কথা অমৃতসমান' : শাঁওলী মিত্রের নারী ভাবনার এক অসামান্য উদ্ভাস/শুভম বণিক
২১১
'নাথবতী অনাথবৎ' : শাঁওলীর নাট্যচেতনায় মহাভারতের যাজ্ঞসেনীর স্বতন্ত্র পাঠ
সিদ্ধার্থ খাঁড়া
২১৮
Challenging archetypes through counter narratives : A study of Shaonli Mitra's Nathavati Anathavat and Jahnavi Barua's Rebirth
Jayini Bhaumik
Bidisha Ghosh Dastidar
২২৭
Nathavati Anathavat : Shaonli Mitra's Subversive Reconstruction of the Epic Heroine
Suddha Kalyan Mondal
২৩৫

# শাঁওলী মিত্র ও বাংলা থিয়েটার

অরুণ কুমার সাঁফুই

শাঁওলী মিত্র জন্মগ্রহণ করেন কলকাতা নাসিরুদ্দিন শাহ রোডের বাড়িতে, ১৯৪৫ সালের ২০ আগস্ট। পিতা প্রখ্যাত নট-নাট্যকার শ্রী শম্ভু মিত্র ও মাতা তৃপ্তি মিত্র। জন্মসূত্রেই পেয়েছিলেন, থিয়েটারের উত্তরাধিকার ও সংস্কার। আশৈশব থিয়েটারের আবহে লালিত হয়েছেন। চোখের সামনে দেখেছেন বিখ্যাত সব নাটকের প্রযোজনাগত কলাকৌশল। বাবার কাছে পেয়েছিলেন বাচিক অভিনয়ের শিক্ষা এবং মায়ের কাছে শিখেছিলেন গান, অভিনয় ও পরিপাটি মেক-আপ নেবার শিক্ষা। পরবর্তীকালে প্রখ্যাত সংগীতশিল্পী সুচিত্রা মিত্রের কাছে শিখেছেন গান। রবীন্দ্র ভারতী বিশ্ববিদ্যালয় হতে নাটকে স্নাতকোত্তর ডিগ্রি অর্জন করেছেন।

প্রথম পর্বে 'বহুরূপী' নাট্যদলে অভিনয় দিয়ে শাঁওলী মিত্রের নাট্যজীবনের শুরু। শম্ভু মিত্রের নির্দেশনায় ১৯৫০ সালের ১৭ ডিসেম্বর 'নিউ এম্পায়ার' মঞ্চে তুলসী লাহিড়ীর 'ছেঁড়াতার' নাটকে শিশু চরিত্র অভিনয়ের মধ্য দিয়ে শাঁওলী মিত্রের অভিনেত্রী হিসেবে প্রথম আত্মপ্রকাশ ঘটে। এ সম্পর্কে শাঁওলী মিত্র জানিয়েছেন—"প্রথম বড়ো পার্ট 'ছেঁড়া তার' নাটকে। 'ডাকঘর'-এর বছর দুই আগে। যে চরিত্রটার নাম ছিল বসির।"[১]

এরপর, 'বহুরূপী'র ব্যানারে ১৯৫৭ সালের ২৪ ফেব্রুয়ারি তৃপ্তি মিত্রের নির্দেশনায় 'নিউ এম্পায়ারে' মঞ্চস্থ হয় 'ডাকঘর' নাটক। এ নাটকে শাঁওলী অমলের ভূমিকায় অভিনয় করেন। অমল চরিত্রে দীর্ঘ সব সংলাপ, সাত বছরের শিশুশিল্পী শাঁওলী মর্মগ্রাহী নিপুণতায় ফুটিয়ে তুলতে সক্ষম হয়েছিলেন। শাঁওলীর অভিনয় প্রতিভা সমবেত দর্শকমণ্ডলীকে মুগ্ধ করেছিল। 'ডাকঘর' নাটকে শাঁওলী মিত্রের অসাধারণ অভিনয়কে উচ্ছ্বসিত প্রশংসা করে সমকালীন এক সংবাদপত্রে লেখা হয়—

> Tripti and Shambhu Mitra-and now add a third name to this illustrious family of artists-Shaonli, their underteen daughter./I have just seen her in Bohurupee's new production "Dakghar", and feel as enthusiastic about the daughter's histrionic talent as I have always been about both her parents' dramatic powers...For the first time in my experience Shaonli Amal took me directly to Tagore-at least, as much as I understand of his semi-allegorical writing. And the best part of it is that this stripling of a girl never makes you feel that she is play-acting. Here is genuine artistry-something that gives a sense





> of fullness to those who simply match the performancefrom the auditorium.[২]

'ডাকঘর' নাটকে অমলের ভূমিকায় শাঁওলীর অভিনয় সম্পর্কে বিশিষ্ট নাট্যসমালোচক সুনীল দত্ত লিখেছেন—

> বহুরূপীর 'ডাকঘর'। ছোট্ট দর্শকমনের কাছে হাজির করল সেই ছোট্ট শিল্পী শাঁওলীকে। অমলের ভূমিকাতে শাঁওলী মিত্র অত্যন্ত মর্মস্পর্শী অভিনয় করেছিল। যেন ওর কণ্ঠর মধ্যে অমল এসে হাজির হয়েছে, একটা প্রচণ্ড সম্ভাবনা নিয়ে এগিয়ে চলেছে। আর সমস্তটা মিলিয়ে রবীন্দ্রনাথের 'ডাকঘর' আমাদের মন জয় করেছিল।[৩]

'ডাকঘর' নাটকে অমলের চরিত্রে শিশুশিল্পী শাঁওলী মিত্রের অভিনয় দক্ষতা জানিয়ে দেয় বাংলা অভিনয় জগতে এক নতুন প্রতিভাময়ী অভিনেত্রীর আগমন ঘটতে চলেছে।

এরপর দীর্ঘ বারো বছরে শাঁওলীকে কোনো মঞ্চে অভিনয় করতে দেখা যায়নি। এই পর্বে শিখেছেন আবৃত্তি, গান, মেক আপ ও প্রথাগত নাট্যশিক্ষা। ১৯৬৯ সালের ২২ জুন, নিউ এম্পায়ারে মঞ্চস্থ হয় বাদল সরকারের নাটক 'ত্রিংশ শতাব্দী'। হিমাংশু চট্টোপাধ্যায়ের নির্দেশনায় শাঁওলী এই নাটকে 'মিসেস ইথারলি' চরিত্রে দক্ষতার সঙ্গে অভিনয় করেন। ২৪ বছর বয়সে 'ত্রিংশ শতাব্দী' নাটকে ইথারলি চরিত্রে প্রথম পূর্ণ চরিত্রাভিনেতা হিসেবে শাঁওলী আত্মপ্রকাশ করলেন। এরপর আর তাঁকে থেমে থাকতে হয়নি। মঞ্চে একের পর এক চরিত্রে তিনি প্রাণ সঞ্চার করেছেন। ১৯৭০-এ অভিনেত্রী শাঁওলী মিত্র, তৃপ্তি মিত্রের নির্দেশনায় 'কিংবদন্তী' নাটকে অভিনয় করেন, সুলভা চরিত্রে। এরপর ১৯৭১ সাল। পেশাদার মঞ্চ ও মঞ্চের অশ্লীল নাটক অভিনয়ের বাড়বাড়ন্ত। সেই সময়ে 'বহুরূপী' নাট্যগোষ্ঠী ২৮ ফেব্রুয়ারি ১৯৭১, অ্যাকাডেমিতে মঞ্চস্থ করে বাদল সরকারের 'পাগলা ঘোড়া'। এ নাটকে মেয়েটা চরিত্রে শাঁওলী অভিনয় করেন। দেবতোষ ঘোষ ও শাঁওলী মিত্রের অভিনয় বিশেষ জনপ্রিয়তা পেয়েছিল এই প্রযোজনায়। এই প্রযোজনা সম্পর্কে 'আনন্দবাজার পত্রিকা'য় লেখা হয়—

> নাটকের অন্য স্তরে অপূর্ব অভিনয় করেছেন শাঁওলী মিত্র—অচরিতার্থ বাসনার প্রতিরূপ, যিনি একটি করুণ গানের কলি মাঝে মাঝে গেয়েছেন আর কখন কখন যেন নিজেই হয়ে গিয়েছেন সেই সঙ্গীত। অনবদ্য তাঁর কণ্ঠক্ষেপ—যা কখনও মনে করিয়ে দেয় শ্রী শম্ভু মিত্রকে, কখনও শ্রীমতী তৃপ্তিকে।[৪]

শম্ভু মিত্র নির্দেশিত 'পাগলা ঘোড়া' নাটকে শাঁওলী মিত্র নিজের অভিনয় দ্বারা বাঙালি দর্শকের কাছে এই সত্য প্রতিষ্ঠিত করেন যে, বাংলা থিয়েটারে এক প্রতিভাময়ী অভিনেত্রী এসে পড়েছেন।

১৯৬৪ সালে 'বহুরূপী' প্রথম মঞ্চস্থ করেছিল রবীন্দ্রনাথের 'রাজা' নাটক। সেই অভিনয়ে সুদর্শনার চরিত্রে অভিনয় করেন তৃপ্তি মিত্র এবং সুরঙ্গমার চরিত্রে লতিকা বসু। ১৯৭১ সালে মুম্বইয়ের রবীন্দ্রনাট্য মন্দিরে বিকাশ মুখোপাধ্যায়ের প্রযোজনায় 'বহুরূপী' নাট্যগোষ্ঠী, 'রাজা অয়দিপাউস', 'বাকি ইতিহাস', 'চার অধ্যায়', 'রাজা' ও 'পাগলা ঘোড়া'—এই পাঁচটি প্রযোজনার একটি উৎসব করে। ১৯৭১ সালের 'রাজা' নাটকের এই প্রযোজনায়, 'সুরঙ্গমা'-র চরিত্রে অভিনয় করে শাঁওলী মিত্র দর্শকদের মন জয় করে নেন। এ প্রসঙ্গে স্বপন মজুমদার